

— ১ —

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। সায়েদাবাদ পানি শোধনাগারের পানির মেইন ট্রান্সমিশন লাইনের কপি।
 ০৩। ভাষ্ চেম্বরের নকশার কপি।
 ০৪। ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের কপি।
 ০৫। চেম্বরের তালিকা।
 ০৬। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
 ০৭। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Construction of Fencing & Gril for Protection for Butterfly Valve Chamber Water Transmission Network of SWTP.

১.০। সংযুক্ত ক্রমিক নং-১ থেকে ০৭ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর সর্বমোট ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। উক্ত ট্রান্সমিশন লাইনে ৪১ (এক চল্লিশ) টি নোডাল পয়েন্ট (ই-পিআরভি) রয়েছে। যা দ্বারা ঢাকা ওয়াসার ০৮(আট) টি মডস্ জোনের ডিষ্ট্রিবিউশন লাইনের সাথে আন্তঃ সংযোগের মাধ্যমে ঢাকা মহানগরবাসীর নিকট অত্র প্ল্যান্টের উৎপাদিত পানি সরবরাহ করা হচ্ছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, Golapbag Mor-1, FDC Mor and Golapbag Mor-2 সহ তিনটি Butterfly Valve Chamber ফ্লাইওভারের নিচে এবং রাস্তার ডিভাইডার এর মধ্যে থাকায় এর উপ প্ল্যাবের উপর কতিপয় বহিরাগত লোকজন ও সিটি কর্পোরেশন কর্তৃক ময়লা-আবর্জনা ফেলে রাখে। ফলে বর্ণিত স্থানে বিদ্যমান ০৩(তিন)টি Butterfly Valve চেম্বরের মেইনটেনেন্স কাজ ব্যাহত হচ্ছে, বিধায় আলোচ্য স্থানে স্থাপিত ০৩(তিন)টি Butterfly Valve Chamber সুরক্ষিত রাখতে, তথা Butterfly Valve Chamber ০৩(তিন)টি সৃষ্টভাবে মেইনটেনেন্স কাজ করতে বর্ণিত চেম্বার এর চারপাশে ইটের ওয়াল সহ উপ প্ল্যাবের উপর তার কাঁটা সহ গ্রীল এর বেষ্টিত নির্মান করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, প্ল্যান্টের “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন নেটওয়ার্ক এর মাধ্যমে মডস্ জোন সমূহের ডিষ্ট্রিবিউশন লাইনে পর্যাপ্ত পানির সরবরাহ নিশ্চিতকল্পে সহায়ক হবে।

২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,৩৩৪.৯২৩ (চার লক্ষ আটাত্তনব্বই হাজার তিনশত চৌত্রিশ দশমিক নয় দুই তিন) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৯৫ এবং প্যাকেজ নং-W-123 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Construction of Fencing & Gril for Protection for Butterfly Valve Chamber Water Transmission Network of SWTP. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন সর্বমোট ৮ ৪,৯৮,৩৩৪.৯২৩ (চার লক্ষ আটাত্তনব্বই হাজার তিনশত চৌত্রিশ দশমিক নয় দুই তিন) টাকার অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (০১-০৪-০০১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



 ০১.০৭.২৫
 ফজিলা খাতুন
 উপ-সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ০১/০৭/২৫
 মোঃ শফিকউল আলম
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ০১-০৭-২৫
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 SE (SWTP)


 ০১/০৭/২৫


 ০১/০৭/২৫
 মিজা গোলাম কিব্রিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাতপাশা সার্কেল, ঢাকা ওয়াসা।


 XEW (Maintenance)